মধুখালী পৌরসভাকার্যালয়
উপজেলা ঃ মধুখালী, জেলা ঃ ফরিদপুর।
www.Mahukhalipourashava.gov.bd
ফোন ঃ (০৬৩২৬) ৫৬০২০, ফ্যাক্স ঃ (০৬৩২৬) ৫৬০০৭

মুজিব শতবর্ষ MUJIB 100

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারন সভার কার্য- বিবরণী।

০৬/০৩ /২০২৩ খ্রিঃ তারিখ রোজ ঃ সোমবার সকাল-১০.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্য- বিবরণী।

**উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

১। জনাব রেশমা আক্তার
২। জনাব নাজমা সুলতানা
৩। জনাব রেশমা আক্তার
৪। জনাব মোঃ কামরুজ্জামান বাবু
৫। জনাব মির্জা আবু জাফর
৬। জনাব মির্জা আব্বাস হোসেন
৭। জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন
৮। জনাব এ.এইচ.এম তৌফিক শরাফী
৯। জনাব কবির মন্ডল
১০। জনাব মোসাঃ রেহেনা পারভীন
১১। জনাব মোঃ মোশারফ হোসেন
১২। জনাব মোঃ কামরুজ্জামান

**উপস্থিত কর্মকর্তাগন ঃ**

১। জনাব মোঃ হেমায়েত হোসেন
২। জনাব মোঃ গোলাম আজম

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এবং পৌর নির্বাহী কর্মকর্তা,মধুখালী পৌরসভাকে সভা পরিচালনার দায়িত্ব দেন।

## আলোচনা

**আলোচ্যসূচী-১ঃ বিগতসভারকার্য-বিবরণীপাঠ ও অনুমোদন প্রসঙ্গে।**

বিগত সভার কার্য- বিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-০২ ঃ০৭ মার্চ/২০২৩ইং“ঐতিহাসিক ০৭মার্চ/২০২৩” যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**

সভার শুরুতে মেয়র মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি উপস্থিত সকলকে আগামী ০৭ মার্চ/২০২৩ ইং“ঐতিহাসিক ০৭ মার্চ/২০২৩ইং উদযাপনের বিষয়ে সবাইকে আলোচনার জন্য অনুরোধ জানান।

এ বিষয়ে অত্র পৌরসভার ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর জানান যে, প্রতি বছরের ন্যায় এবার ও “ঐতিহাসিক ০৭ মার্চ/২০২৩ইং যথাযোগ্য মর্যাদার সহিত পালনের নিমিত্তে পৌরসভা কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পৌরসভা কার্যালয়ে পুস্প-স্তবক অর্পনের সুপারিশ করেন।

CS CamScanner

এ বিষয়ে আরো অত্র পৌরসভার ০১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ কামরুজ্জামান বলেন যে, পৌরসভার সকল কর্মকর্তা/কর্মচারীদের সকাল- ৯.০০ ঘটিকার মধ্যে পৌরসভা কার্যালয়ে উপস্থিত থাকার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। এবং পৌরসভা আলোক সজ্জাকরন, ৭ই মার্চের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ভাষন প্রচার ও পৌর মসজিদে বাদ যোহর দোয়া মাহফিল পরিচালনাসহ ব্যাপককর্মসূচী পালনের প্রস্তাব করেন।

উপরোক্ত আলোচনার উপর সকল কাউন্সিলরবৃন্দ একমত পোষন করে বলেন সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ মর্যাদায়"ঐতিহাসিক ০৭মার্চ/২০২৩ইং পালনের আহবান জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, মধুখালী পৌরসভা কর্তৃক নিম্নবর্নিত কর্মসূচী পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্রমিকনং | তারিখ | সময় | গৃহীতকর্মসূচী | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ৬-৭ ই মার্চ/২০২৩ ইং | সন্ধ্যা ৭.০০ টাহতে | সরকারি/বেসরকারি/আধাসরকারি/শায়ত্ত্বশাসিত/ব্যক্তি মালিকানা ভবন সমূহে আলোকসজ্জা। | পৌরসভা কার্যালয় । | |
| ০২ | ৭ই মার্চ ২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা উত্তোলন। | পৌরসভা কার্যালয় | |
| ০৩ | ৭ই মার্চ ২০২৩ | দিনব্যাপী | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানএর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষন প্রচার। | পৌরসভা কার্যালয় | |
| ০৪ | ৭ই মার্চ ২০২৩ | সকাল- ৯.০০ টায় | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুস্প-স্তবক অর্পণ ও জাতীয় পতাকা উত্তোলন। | পৌরসভা কার্যালয় । | |
| ০৫ | ৭ই মার্চ ২০২৩ | বাদ যোহর/সুবিধাজনক সময়ে | পৌরসভাজামেমসজিদে বাদ যোহর দোয়ামাহফিল ও দয়াময় মন্দিরে সুবিধাজনক সময় প্রার্থনার আয়োজন। | পৌর জামে মসজিদ ও দয়াময় মন্দির। | |

আলোচ্যসূচী-০৩ ঃ১৭মার্চ/২০২৩ইং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

উপস্থিত সকল সন্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আগামী ১৭ মার্চ/২০২৩ইং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উৎসাহ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের জন্য কর্মসূচী গ্রহনের জন্য সকলের মতামত গ্রহন করা হয়।

উপরোক্ত বক্তব্যের উপর সকল কাউন্সিলরবৃন্দ একমত পোষন করে সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ মর্যাদায় ১৭মার্চ/২০২৩ইং উদযাপনের আহবান জানান। এবং জাতীয় কর্মসূচী উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে পালন করা ছাড়াও পৌরসভার উদ্যোগে কেক কাটা সহ বিভিন্ন কর্মসূচী গ্রহনের প্রস্তাব করেন

CamScanner

02222-20..
01714-066044

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ,মধুখালী পৌরসভা কর্তৃক নিম্নবর্নিত কর্মসূচী পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

"কর্মসূচীসমূহ"

| ক্রমিকনং | তারিখ | সময় | গৃহীতকর্মসূচী | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ১৬.০৩.২০২৩ | সন্ধ্যা-৭.০০ টাহতে | পৌরভবনসমূহে আলোকসজ্জাকরন। | পৌরসভা কার্যালয়। | |
| ০২ | ১৭.০৩.২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা উত্তোলন। | পৌরসভা কার্যালয় | |
| ০৩ | ১৭.০৩.২০২৩ | সকাল- ১০.০০ টা | বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুস্প-স্তবক অর্পণ। | পৌরসভা কার্যালয় । | |
| ০৪ | ১৭.০৩.২০২৩ | ১১.০০ টা | সমবেত কণ্ঠে জাতীয়সংগীতপরিবেশন ও কেক কাটা। | পৌরসভা কার্যালয় । | |
| ০৫ | ১৭.০৩.২০২৩ | ১১.৩০ টা | জাতিরপিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী, বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতাবিষয়েআলোচনাঅনুষ্ঠান। | পৌরসভা কার্যালয় । | |
| ০৬ | ১৭.০৩.২০২৩ | বাদ জুমা/সুবিধাজনকসময়ে | পৌরসভাজামেমসজিদে বাদ জুমা দোয়ামাহফিল ও দয়াময়মন্দিরেসুবিধাজনকসময়প্রার্থনারআয়োজন। | পৌরজামেমসজিদ ও দয়াময়মন্দির। | |
| ০৭ | ১৭.০৩.২০২৩ | দিনব্যাপী | উপজেলাপ্রশাসনের সাথে সমন্বয়করেসরকারীনির্দেশনাঅনুযায়ীসকলকর্মসূচীতে অংশ গ্রহন। | উপজেলাপ্রশাসন ও পৌরসভা। | |

আলোচ্যসূচী-০৪ ঃ ২৬শে মার্চ/২০২৩ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা।

উপস্থিত সকল সন্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের লক্ষ্যে সকলের মতামত আহবান করা হয়।

এ বিষয়ে অত্র পৌরসভার ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর জানান যে, প্রতি বছরের ন্যায় এবার ও ২৬ শে মার্চ/২০২৩ইং যথাযোগ্য মর্যাদার সহিত পালনের নিমিত্তে পৌরসভা কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পৌরসভা কার্যালয়ে পুস্প-স্তবক অর্পনের সুপারিশ করেন।

উপরোক্ত বক্তব্যের উপর সকল কাউন্সিলরবৃন্দ একমত পোষন করে বলেন সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ মর্যাদায় ২৬মার্চ/২০২৩ইং উদযাপনের আহবান জানান।

সিদ্ধান্ত ঃ

CamScanner

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ,পৌরসভা জামে মসজিদের কাজ চলামন থাকায় এবং জায়গার স্বল্পতার কারণে বঙ্গবন্ধু ম্যুরাল চত্ত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্প-স্তবক অর্পনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীতহয়।

মধুখালী পৌরসভা কর্তৃক নিম্নবর্নিতকর্মসূচীপালনেরসর্বসম্মত সিদ্ধান্তগৃহীতহলো।

**"কর্মসূচীসমূহ"**

| ক্রমিকনং | তারিখ | সময় | গৃহীতকর্মসূচী | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ২৬ শে মার্চ/ ২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয়পতাকাউত্তোলন। | পৌরসভা কার্যালয় | |
| ০২ | ২৬ শে মার্চ/ ২০২৩ | সকাল- ১০.০০ টায় | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুস্প-স্তবকঅর্পণ। | পৌরসভা কার্যালয় । | |
| ০৩ | ২৬ শে মার্চ/ ২০২৩ | বাদ যোহর/সুবিধাজনকসময়ে | পৌরসভা জামে মসজিদে বাদ যোহর দোয়া মাহফিল ও দয়াময় মন্দিরে সুবিধাজনক সময় প্রার্থনার আয়োজন। | পৌর জামে মসজিদ ও দয়াময় মন্দির। | |
| ০৪ | ২৬ শে মার্চ/ ২০২৩ | সন্ধ্যা৬.১০ টা | পৌরভবন আলোকসজ্জা। | পৌরসভা কার্যালয় । | |
| ০৫ | ২৬ শে মার্চ/ ২০২৩ | দিনব্যাপী | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে সরকারী নির্দেশনা অনুযায়ী সকল কর্মসূচীতে অংশ গ্রহন। | উপজেলা প্রশাসন ও পৌরসভা। | |

আলোচ্যসূচী-০৫ ঃ উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন প্রসঙ্গে।

এ বিষয়ে সহকারী প্রকৌশলী পৌরসভা সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মধুখালী পৌরসভার বার্ষিক উন্নয়ন তহবিল ও পৌরসভার রাজস্ব তহবিলের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ (সংশোধিত) এ উল্লেখিত উপযুক্ত দরদাতাদের নিকট হতে উন্মুক্ত (OTM) কোটেশন পদ্ধতিতে ১১ (এগার) টি রাস্তা নির্মানের জন্য দরপত্র আহবান করা হবে। যা তিনি সভায় উপস্থাপন করেন।

**প্রকল্প তালিকা নিন্মরূপঃ**

(১) মধুখালী পৌরসভাধীন ০১নং ওয়ার্ড (ক) কাঁঠালবাড়ী মহিষাপুর প্রধান সড়ক হতে বিপুল মুন্সীর বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন। (খ) ০১নং ওয়ার্ড বৈকুন্ঠপুর প্রধাণ সড়ক হতে হরেন সরকারের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন। (গ) ০১নং ওয়ার্ড বৈকুন্ঠপুর হীরা সরকারের বাড়ি হতে পলাশ সরকারের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন।

(২) মধুখালী পৌরসভাধীন ০৯নং ওয়ার্ড মেছড়দিয়া বাঁশতলা ছাত্তার (আমিন) বাড়ি হতে হালিম জোয়াদ্দারের বাড়ি (ভায়া জামে মসজিদ) পর্যন্ত রাস্তা সলিং করণ।

(৩) মধুখালী পৌরসভাধীন ০৮নং ওয়ার্ড ঢাকা-কুলনা মহা-সড়ক হতে নিয়াকুলের বাড়ি পর্যন্ত রাস্তা (একটি পাইপ কালর্ভার্টসহ ) সলিং করণ।

CS CamScanner

(৪) মধুখালী পৌরসভাধীন ০৭নং ওয়ার্ড পূর্ব গাড়াখোলা বিপুলের বাড়ি হতে বাহাদুরের বাড়ি পর্যন্ত রাস্তা সি সি করন।

(৫) মধুখালী পৌরসভাধীন ০২নং ওয়ার্ড (ক) গোন্দারদিয়া- মধুপুর রাস্তা হতে আশিকুর রহমানের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন।

(৬) মধুখালী পৌরসভাধীন ০৪নং ওয়ার্ড পশ্চিমগাড়াখোলা সুরাইয়ার বাড়ি হতে আলামিনের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন।

(৭) মধুখালী পৌরসভাধীন ০৫নং ওয়ার্ড (ক) পোষ্ট অফিসের পশ্চিম পার্শ্ব হতে আশিক মাস্টারের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন। (খ) ০৫নং ওয়ার্ড সুশান্তের বাড়ি হতে নিমাইয়ের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন। (গ) পশ্চিমগাড়াখোলা অসিত দাসের বাড়ি হতে বাবুল কর্মকারের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন।

(৮) মধুখালী পৌরসভাধীন ০৬নং ওয়ার্ড শ্রীপুর আলাউদ্দিনের বাড়ি হতে জাফরের বাড়ি পর্যন্ত মাটির রাস্তা নির্মান করন।

(৯) মধুখালী পৌরসভাধীন ০৩নং ওয়ার্ড (ক) গোন্দারদিয়া মুর্তজা বাড়ি হতে কবিরের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন। (খ) ০২নং ওয়ার্ড গোন্দারদিয়া কলেজ পাড়া সোহাগের বাড়ি হতে মহিমের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন।

(১০)মধুখালী পৌরসভাধীন ০২নং ওয়ার্ড (ক) মধুপুর মমরেজের বাড়ি হতে মমিন মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন।

(১১)মধুখালী পৌরসভাধীন ০৫নং ওয়ার্ড (ক) পশ্চিমগাড়াখোলা জহুর (ক্যাশিয়ার) বাড়ি হতে বকুল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন। (খ) ০৬নং ওয়ার্ড ভাটিকান্দী মথুরাপুর আরিফের বাড়ি হতে আবু ইউসুফের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করন।

<u>সিদ্ধান্তঃ</u>

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, উল্লেখিত ১১ (এগার) টি রাস্তা জরুরী ভিত্তিতে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী , মধুখালী পৌরসভাকে অনুরোধ করা হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয়উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণাক রেন।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা

স্মারকনং-মধুঃ/পৌরঃ/২০২৩/ ৩০৮/৪(৫)

তারিখঃ-০৬/০৩/২০২৩ খ্রিঃ।

অনুলিপিসদয়অবগতি ও প্রয়োজনীয়ব্যবস্থা গ্রহনেরজন্য প্রেরনকরাহলঃ

০১। সচিবমহোদয়
স্থানীয়সরকার, পল্লীউন্নয়ন ও সমবায়মন্ত্রণালয়
স্থানীয়সরকারবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

২। অনুলিপিঃঅবগতি ও কার্যার্থে পেরণকরাহলো।

জনাব ....................................
কাউন্সিলর, ওয়ার্ড নং............
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

CamScanner